উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত (৩৩ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ৩১/০৩/২০২২ খ্রিঃ, সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে মার্চ/২২ মাস পর্যন্ত অ্যাষ্ট্রেজেনিকা, ফাইজার ও সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩,০৫,১৮১ জন ও ২য় ডোজ ২,৪৬,১২২ জন ও বুষ্টার ডোজ ২৬,৮৭৪ জনকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় কৃষি প্রণোদনার আওতায় আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৮০০ জন কৃষকের মাঝে ০১ (এক) বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি উফসী আউশ বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হবে। প্রকৃত আউশ আবাদী কৃষকের তালিকা প্রণয়নে ইউনিয়ন চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। খামার যান্ত্রীকীকরণের মাধ্যমে সকলকে অনুরোধ করেন। সমন্বিত খামার যান্ত্রীকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য অনুমোদিত তালিকা অনুসারে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি বিতরণে সকলকে অনুরোধ করেন। এছাড়া ০১ টি নিরাপদ সবজিক্রপ কর্ণার স্থাপনের লক্ষ্যে পুনরায় বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, এন্টি মাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) এর কারণে ভবিষ্যতে করোনার চেয়ে ভয়াবহ মহামারির আশংকা রয়েছে। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এন্টি মাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) এর ক্ষতিকর প্রভাব নিয়ে বাংলাদেশে এবং বিশ্বে সোচ্চার। এএমআর এর ক্ষতিকর প্রভাব মোকাবিলায় এখনই সচেতন না হলে অচিরেই আরেকটি বৈশ্বিক মহামারী দেখা দিতে পারে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর

	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	এই বিষয়ের গুরুত্ব উপলব্ধি করে আমাদের মাননীয় সংসদ সদস্য আলহাজ কাজী কেরামত আলীর অনুপ্রেরণায়; সম্মানিত উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ ইমদাদুল হক বিশ্বাস এবং উপজেলা নির্বাহী অফিসার মার্জিয়া সুলতানা মহোদয়ের প্রত্যক্ষ নির্দেশনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদরের অর্থায়নে ১০ (দশ) দিন ব্যাপী "গবাদিপশু ও হাসমুরগির সুষম খাদ্য তৈরি এবং এন্টি মাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) সচেতনতার মাধ্যমে টেকসই খামার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ" কর্মশালার আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে খামারি ও তরুণ উদ্যোক্তারা নিবন্ধিত চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক ব্যবহার না করার শপথ নেন। অনুষ্ঠানে ২৫ (পঁচিশ) জন তরুণ খামারি উদ্যোক্তাকে শপথ বাক্য পাঠ করান উপজেলা নির্বাহী অফিসার মার্জিয়া সুলতানা। এছাড়া প্রশিক্ষণ বিষয়ে সার্বক্ষনিক খোঁজ নিয়েছেন ভাইস চেয়ারম্যান মোঃ রকিবুল হাসান পিয়াল, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আলেয়া বেগম। এসময় প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তকারী প্রশিক্ষণার্থীগণকে সনদপত্র এবং চূড়ান্ত মূল্যায়নে শ্রেষ্ঠত্ব অর্জনকারী ৫ (পাঁচ) জন প্রশিক্ষণার্থীর হাতে পুরষ্কার তুলে দেয়া হয়। অপ্রয়োজনীয় এন্টিবায়োটিকসহ অন্যান্য ওষুধ ব্যবহার কমিয়ে প্রাণিসম্পদ উৎপাদনে টেকসই প্রযুক্তির ব্যবহার, উন্নত প্রজাতির প্রাণী পালনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, নতুন প্রযুক্তির সাথে তরুণ উদ্যোক্তাদের পরিচিতি ঘটানো এবং পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং মডেল ফার্মিং সিস্টেম সম্পর্কে সম্যক ধারনা দিতে তাত্ত্বিক প্রশিক্ষণের পাশাপাশি অডিও ভিজুয়াল, ব্যবহারিক এবং গবাদি ও দুগ্ধজাত খামার, ফরিদপুর, পরিদর্শণ করা হয়েছে। লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট ০১ (এক) বছর মেয়াদী এনিম্যাল হেলথ এন্ড প্রডাকশন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি নজরে এসেছে। বিজ্ঞপ্তি মোতাবেক উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং সুবিধা দেয়া হবে মর্মে উল্ল্যেখ আছে। উপজেলা ভেটেরিনারি হাসপাতালে ফিল্ড ট্রেনিং এর অনুমতি, ভেটেরিনারি বিষয়সমূহের প্রশিক্ষকের তালিকা এবং ভেটেরিনারি প্রশিক্ষণ দেয়ার অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে পরিচালক, লাইফ সাইন্স ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট বরাবর পত্র দেয়া হয়েছিল। তাদের জবাব পর্যালোচনা করে পরবর্তী করনীয় নির্ধারণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র দেয়া হয়েছে বলে প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান। ক্ষুরা রোগসহ অন্যান্য সংক্রামক রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রনে নিয়মিত টিকাদান কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।		
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, প্রতি বছর মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ মোতাবেক ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। মার্চ/২০২২ মাসে ১ টি মোবাইল কোর্ট এবং ৫ টি অভিযান পরিচালনা করে ১০ কেজি জাটকা জব্দ করে দুঃস্থ ও এতিমদের মাঝে বিলিয়ে দেয়া হয়েছে। এছাড়া জাটকা সংরক্ষণ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ বছর ৩১ মার্চ হতে ০৬ এপ্রিল জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২২ উদযাপিত হতে যাচ্ছে। এ উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচীতে যোগদান করে জাটকা সংরক্ষণ সপ্তাহ সফল করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হলো।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

		তিনি আরোও জানান যে, উপজেলা প্রশাসন এবং জনপ্রতিনিধিগণের সহযোগিতায় নদী থেকে কয়েকটি বাঁধ ইতোমধ্যে অপসারণ করা হয়েছে। অবশিষ্ট বাঁধগুলো অপসারণ এবং নতুন করে কেউ যেন অবৈধভাবে নদীতে বাঁধ দিতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। তিনি আরোও জানান যে, মুক্তির উৎসব ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মেলা ২০২২ এ সাতদিনব্যাপী আয়োজিত মেলায় মৎস্য অধিদপ্তর রাজবাড়ী দ্বিতীয় স্থান অর্জন করেছে। তিনি আরোও জানান যে, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১০ জন জেলেকে গরুর বাছুর বিতরণ করা হয়েছে। তিনি আরোও জানান যে, অনেক মৎস্য চাষি পুকুর সংস্কার এবং ফসল হয়না এমন জমিতে পুকুর খনন করতে গেলে বাঁধার সম্মুখীন হচ্ছে। এ সমস্যার আশু সমাধান জরুরী। এ বিষয়ে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করছি । এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।		
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সহকারী প্রকৌশলী, রাজবাড়ী সদর
০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের জানুয়ারি হতে মার্চ/২০২২ মাসের বিভিন্ন ভাতার পে-রোল প্রেরণের কাজ চলমান রয়েছে। ৪৫ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। আরএসএস পুন:বিনিয়োগ করা হয়েছে ৫,৫০,০০০/- টাকা এবং আদায়কৃত ৯,৯২,৭৫০/- টাকা মাত্র। ২০২১-২০২২ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য ৫৯৪ জন প্রতিবন্ধীকে নতুন ভাতার আওতাভূক্ত করার লক্ষ্যে ১৪টি ইউনিয়নে উন্মুক্ত পদ্ধতিতে যাচাই-বাছাই কার্যক্রম করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৯২ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত ২৫ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। জমি নির্বাচনের কার্যক্রম চলমান। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৯	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৯১৫ মেঃ টন চাউল ও ৪০ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামী মার্চ/২২-এপ্রিল/২২ মাসে অত্র উপজেলায় ২৯ জন ডিলারের মাধ্যমে ১২৬০৩ জন উপকারভোগীদের মধ্যে ১০/- টাকা কেজি দরে চাল বিতরণ কার্যক্রম চালু হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।